অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/14/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

স্টেটের মানসিক স্বাস্থ্যসেবা কর্মীদলকে শক্তিশালী করার জন্য গভর্নর হোকলের 21 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল বরাদ্দ দেয়ার ঘোষণা

বহির্বিভাগের রোগীদের ও কমিউনিটিকে সহায়তাকারী উপযুক্ত সেবা প্রদানকারীরা নিজস্ব বিবেচনা অনুযায়ী তহবিলের অর্থ কাজে লাগাতে পারবেন।

নিয়োগ দান ও ধরে রাখার জন্য প্রণোদনা, শিক্ষা সংক্রান্ত ব্যয় এবং ক্যারিয়ার উন্নয়ন ও প্রশিক্ষণ, ইত্যাদি ক্ষেত্রে তহবিলের অর্থ ব্যবহার করা যাবে।

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) কর্মীদলের নিয়োগ ও সংরক্ষণ সংক্রান্ত 21 মিলিয়ন ডলারের তহবিল পেয়েছে যা স্টেটের মানসিক স্বাস্থ্য ব্যবস্থাকে শক্তিশালী করবে এবং স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে মানসিক স্বাস্থ্যসেবায় অ্যাক্সেস উন্নত করবে।

"কোভিড-19 মহামারী সব নিউ ইয়র্কবাসীর ওপর প্রচণ্ড মানসিক চাপ সৃষ্টি করেছে," **বলেছেন গভর্নর হোকল।** "এই তহবিল আমাদের আচরণগত স্বাস্থ্যসেবার কর্মীদের সহায়তা করবে এবং সেবার অ্যাক্সেস বৃদ্ধি করবে, যা আমাদের স্টেটের সহায়তা ও চিকিৎসার প্রয়োজন থাকা প্রত্যেকে যাতে পেতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করবে।"

OMH কমিশনার ড. অ্যান সালিভান বলেন, "এই ফেডারেল তহবিল পাওয়ার বিষয়টি টার্গেটকৃত রেট বৃদ্ধি ও কর্মীদের নিয়োগ ও ধরে রাখা সংক্রান্ত নমনীয় তহবিলের সম্মিলন ঘটানোর মাধ্যমে OMH-কে কমিউনিটি-ভিত্তিক মানসিক স্বাস্থ্যসেবা বৃদ্ধি, সম্প্রসারণ ও স্থিতিশীল করার সক্ষমতা দিবে। এই তহবিল আমরা কিভাবে সবচেয়ে ভালোভাবে কাজে লাগাতে পারি তা নির্ধারণ করতে, OMH মতামত গ্রহণের উদ্দেশ্যে 700 এরও বেশি স্টেকহোল্ডারের সাথে একাধিকবার বৈঠকের আয়োজন করেছে এবং কর্মীদের ওপর বিনিয়োগ করাকে মূল অগ্রাধিকার হিসেবে শনাক্ত করেছে। এসব তহবিল নাটকীয়ভাবে সক্ষমতা বৃদ্ধি করবে এবং প্রত্যেক কমিউনিটিতে তাদের সবচেয়ে অরক্ষিত বাসিন্দাদের সহায়তা করার জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ থাকা নিশ্চিত করতে সাহায্য করবে।"

রিপ্রেজেন্টেটিভ ইভেট ডি. ক্লার্ক বলেন, "OMH এর তরফ থেকে এই অতি প্রয়োজনীয় সুসংবাদকে আমি স্বাগত জানাই। 9ম কংগ্রেশনাল ডিস্ট্রিক্ট এখনো কোভিড-19 এর চলমান

মানসিক আঘাত থেকে সেরে উঠা অব্যাহত রয়েছে। পরিবারগুলো এখনো ক্ষতিগ্রস্ত হচ্ছে। কয়েক প্রজন্ম ধরে, আমাদের স্টেট ও দেশকে বিপর্যস্ত করে দেয়া মানসিক স্বাস্থ্য সংকট কাটিয়ে উঠার জন্যে অপরিহার্য পরিষেবা, সহায়তা, ও সচেতনতার জন্য যথাযথ বিনিয়োগের অভাবে সেটির শুধু অবনতিই ঘটেছে। সম্পদের এই মর্মান্তিক অভাব প্রায় ক্ষেত্রেই নিজে থেকেই স্পষ্ট হয়ে উঠে, কিন্তু আমাদের কমিউনিটিগুলোতে যারা সবচেয়ে বেশি ভুক্তভোগী হচ্ছেন তাদের দিকে তাকালে এটি এড়িয়ে যাওয়া সম্পূর্ণভাবে অসম্ভব হয়ে পড়ে। আমি এই বিষয়টি নিয়ে ক্লান্ত বললে কম বলা হবে। সৌভাগ্যক্রমে, পার্থক্য তৈরি করার ক্ষমতা রাখেন এমন নিবেদিতপ্রাণ জনগণের সেবকরাও আজ এটি নিয়ে ক্লান্ত। গভর্নর হোকলের নেতৃত্ব ও তার অবিচল সমর্থনের অধীনে, নিউ ইয়র্ক স্টেটের অফিস অব মেন্টাল হেলথ আমাদের স্টেটের মানসিক স্বাস্থ্য ব্যবস্থাকে শক্তিশালী করতে এবং গুরুত্বপূর্ণ মানসিক স্বাস্থ্যসেবা অ্যাক্সেস করার সমস্যাগুলো দূর করতে রূপান্তরমূলক কাজের জন্য 21 মিলিয়ন ডলারের তহবিল পেয়েছে। এগুলোর মতো অর্থপূর্ণ সমাধান নিদারুণভাবে প্রয়োজনীয় সংস্থানসমূহ সরবরাহ করার চেয়ে বেশি কিছু করে; সেগুলো অগ্রগতির সম্ভাবনাকে প্রমাণ করে। শুধু তখনই আমরা নিউ ইয়র্ক, আমেরিকা ও বিশ্বব্যাপী মানসিক স্বাস্থ্য সংকট কাটিয়ে উঠতে পারবো, যদি আমরা সেটি করার জন্য প্রয়োজনীয় কাজটুকু করতে থাকি, যেমনটা আজ আমাদের স্টেট করেছে। এটি একটি সুস্পষ্ট রিমাইন্ডার যে বিশ্বকে পরিবর্তনকারী একটি বৈশ্বিক স্বাস্থ্য সংকটের ঠিক পরেই লোকজনের ভুগতে থাকা স্থায়ী মানসিক আঘাতের বিষয়টিকে আমাদের উপেক্ষা করার কোনো সুযোগ নেই।"

রিপ্রেজেন্টেটিভ পল টনকো বলেন, "এই সংকটের সময়জুড়ে আগের চেয়ে আরো বেশি সংখ্যক আমেরিকান এখন মানসিক স্বাস্থ্যসেবা গ্রহণ করতে চাইছেন। কোভিড-19 এর প্রতি আমাদের ফেডারেল সাড়াদানের মধ্যে এসব পরিষেবা অন্তর্ভুক্ত করার বিষয়টি নিশ্চিত করতে আমি কঠোরভাবে লড়াই করেছি এবং আমি গর্বিত যে আমার তুলে ধরা বেশ কিছু গুরুত্বপূর্ণ মানসিক স্বাস্থ্য সংক্রান্ত প্রবিধান আমাদের আমেরিকান রেসকিউ প্ল্যানে (American Rescue Plan) অন্তর্ভুক্ত করা হয়েছে। নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্যসেবা কর্মীদলকে শক্তিশালী করতে এবং সবচেয়ে বেশি প্রয়োজন রয়েছে এমন মানুষদেরকে আশা যোগাতে সাহায্য করার জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

রিপ্রেজেন্টেটিভ ক্যাথেলিন রাইস বলেন, "যদিও মর্মান্তিকভাবে প্রাণ হারানোটা সবসময়ই মহামারীর সবচেয়ে বিধ্বংসী পরিণাম হিসেবে থেকে যাবে, এই সংকট মানসিক স্বাস্থ্যের ওপর যে প্রভাব ফেলেছে তাকেও উপেক্ষা করার কোনো সুযোগ নেই। নিউ ইয়র্ক স্টেটে মানসিক স্বাস্থ্যসেবার অ্যাক্সেস সম্প্রসারণ করা এবং আমাদের মানসিক স্বাস্থ্যসেবা কর্মীদের সহায়তা করার এই ফেডারেল তহবিলের জন্য কংগ্রেসে লড়াই করতে পেরেছি বলে আমি গর্বিত। এই অতি গুরুত্বপূর্ণ বিষয়টিকে অগ্রাধিকার দেয়ায় আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

রিপ্রেজেন্টেটিভ অ্যাড্রিয়ানো এসপেইলাট বলেন, "মানসিক স্বাস্থ্য আমাদের প্রত্যেককে প্রভাবিত করে এবং এমনকি মহামারীর আগেও, আমাদের কমিউনিটিগুলোতে ব্যক্তি ও পরিবারগুলোর মানসিক স্বাস্থ্য একটি ক্রমবর্ধমান উদ্বেগের বিষয় ছিল। আমরা উল্লেখযোগ্য অগ্রগতি করেছি, এবং মহামারীর সাথে চলে আসা অসংখ্য চ্যালেঞ্জ অব্যাহতভাবে মোকাবেলা করার এই সময়ে, আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যাতে মানসিক স্বাস্থ্যের বিষয়টি আমাদের কমিউনিটিগুলোকে পুনর্গঠনে সাহায্য করার আমাদের প্রচেষ্টার অগ্রভাগে থাকে। এই

ফেডারেল তহবিলকে নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্যসেবা শক্তিশালী করার জন্য কাজে লাগানো এবং চূড়ান্ত পর্যায়ে গিয়ে স্টেটব্যাপী আমাদের পরিবারগুলোকে সাহায্য করার আজকের ঘোষণাটির জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

সিনেটর সামরা ব্রুক বলেন, "মানসিক স্বাস্থ্য বিষয়ক সিনেট কমিটির সভাপতি হিসেবে, আমি নিউ ইয়র্ক স্টেটের অফিস অব মেন্টাল হেলথের (OMH) জন্য এই তহবিলগুলো সুরক্ষিত করায় আমি গভর্নর ক্যাথি হোকলের প্রশংসা করি। আমরা জানি, যদি নিউ ইয়র্ক স্টেটকে মানসিক স্বাস্থ্য ও জরুরি সহায়তার প্রয়োজন থাকা নিউ ইয়র্কবাসীদের কাছে মানসম্মত, অ্যাক্সেসযোগ্য সংস্থানসমূহ পৌঁছে দিতে হয়, তাহলে আমাদের অবশ্যই নিয়োগ ও ধরে রাখার প্রচেষ্টা নাটকীয়ভাবে বৃদ্ধি করতে হবে। আমি নিউ ইয়র্কবাসীদের প্রয়োজন পূরণ করার নতুন উপায়গুলো শনাক্ত করতে, এবং সবাই যাতে তাদের প্রাপ্য মানসম্মত মানসিক স্বাস্থ্যসেবার অ্যাক্সেস পান তা নিশ্চিত করতে গভর্নর হোকলের সাথে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

অ্যাসেম্বলিওমেন আইলিন গুন্থার বলেন, "আমাদের মানসিক স্বাস্থ্যসেবা কর্মীদের ওপর বিনিয়োগ করায় আমি গভর্নর হোকল ও ফেডারেল সরকারে আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাই। মহামারী চলাকালীন সময়জুড়ে আমরা আমাদের কমিউনিটিগুলোর মানসিক স্বাস্থ্য সংক্রান্ত চাহিদা বৃদ্ধি পেতে দেখেছি, এবং সামনের সারিতে কাজ করে যাওয়া পুরুষ ও মহিলারা এই যাত্রার প্রতিটি পদক্ষেপে আমাদের দেখাশোনা করার জন্য সঙ্গে ছিলেন। এই তহবিল আমাদের কর্মীদলকে শক্তিশালী করতে সাহায্য করবে এবং সব নিউ ইয়র্কবাসীকে আরো নিরাপদ ও আরো সুস্থ করে তুলবে।"
2021 সালের করোনা ভাইরাস রেসপন্স অ্যান্ড রিলিফ সাপ্লিমেন্টাল অ্যাপ্রোপ্রিয়েশন্স অ্যাক্ট (Coronavirus Response and Relief Supplemental Appropriations Act, CRRSAA) এবং 2021 সালের আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্ট (American Rescue Plan Act), এই উভয় আইনের মাধ্যমে OMH এই ফেডারেল তহবিল পেয়েছে। এই আইন সীমিত সময়ের জন্য কমিউনিটি মানসিক স্বাস্থ্য পরিষেবা (Community Mental Health Services, CMHS) ব্লক গ্র্যান্ট সম্প্রসারণ করার মাধ্যমে মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলোর জন্য সম্পূরক তহবিল প্রদান করে।

OMH এই মাসে OMH-লাইসেন্সপ্রাপ্ত বহির্বিভাগের রোগীদের ও কমিউনিটিকে সহায়তাকারী উপযুক্ত সেবা প্রদানকারীদের জন্য কর্মীদলের তহবিল সম্পর্কিত নির্দেশনা ইস্যু করার এবং সেবা প্রদানকারীদেরকে তাদের বরাদ্দ সম্পর্কে অবহিত করার প্রতীক্ষায় রয়েছে।

বহির্বিভাগের রোগীদের ও কমিউনিটিকে সহায়তাকারী উপযুক্ত সেবা প্রদানকারীরা বেশ কিছু গুরুত্বপূর্ণ খরচের খাতে তাদের নিজস্ব বিবেচনা অনুযায়ী কাজে লাগানোর জন্য তহবিল পাবেন, যেসব খাতের মধ্যে রয়েছে:

1. **নিয়োগ ও ধরে রাখা সংক্রান্ত প্রণোদনা**
   - ধরে রাখা ও নিয়োগ সংক্রান্ত বোনাস
   - লংজিভিটি পে

- অবসর ভাতা ও অন্যান্য বাড়তি সুবিধা
- ডিফারেনশিয়াল পে
- ঝুঁকি ভাতা
- স্থানান্তর সংক্রান্ত প্রণোদনা

2. **শিক্ষা ব্যয়**
   - নতুন/বিদ্যমান কর্মীদের জন্য টিউশন ফি, যেমন কলেজ-পর্যায়ের পেশাগত উন্নয়নমূলক কোর্স ও শিক্ষা চালিয়ে যাওয়ার জন্য
   - নতুন/বিদ্যমান কর্মীদের জন্য পরীক্ষা ও আবেদনের ফি
   - সাংস্কৃতিক দক্ষতা ও বৈচিত্র্য সংক্রান্ত প্রশিক্ষণ সম্পর্কিত কোর্সসমূহ
   - সম্মেলনের নিবন্ধন ফি

3. **ক্যারিয়ার উন্নয়ন ও প্রশিক্ষণ**
   - ইন্টার্নশিপ, ফেলোশিপ এবং/অথবা অন্যান্য ক্যারিয়ার উন্নয়নমূলক কর্মসূচি তৈরি, প্রচার, সমৃদ্ধকরণ
   - কর্মীদের প্রশিক্ষণের কৌশল প্রণয়ন করতে একাডেমিক ও নীতিমালা বিষয়ক প্রতিষ্ঠানগুলোর সাথে সহযোগিতা
   - কর্মচারীদের সম্পৃক্ততা ও কর্মীদলের উন্নয়ন বিষয়ক কৌশল যেমন প্রশিক্ষণের পাঠ্যক্রম প্রণয়ন ও সংগ্রহ, নিবন্ধন ফি এর জন্য অর্থায়ন, এবং কর্মচারীদের প্রশিক্ষণে অংশ নেয়ার বা প্রশিক্ষণ প্রদান করার ব্যয় বহন করা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন